

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ,
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ শাখা-৩

২৩ আশ্বিন, ১৪২৪

নং-৪৪.০০.০০০০.০৯৬.০২.০০২.১৩-১১২২

তারিখ :

০৮ অক্টোবর, ২০১৭

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি কমপ্লেক্স
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : দিনাজপুর জেলার বিরল থানাধীন ১২নং রাজারামপুর ইউনিয়নের (পূর্ববর্তী ১নং আজিমপুর ও ২নং ফরক্কাবাদ ইউনিয়নের ১৯টি মৌজার সমন্বয়ে গঠিত) মাগুড়াবান্দ এলাকায় একটি পুলিশ তদন্তকেন্দ্র স্থাপন এবং এর কার্যক্রম পরিচালনার জন্য ১৭টি পদ সৃজন প্রসংগে।

মহোদয়,

নির্দেশিত হয়ে পুলিশ অধিদপ্তরের আওতাধীন দিনাজপুর জেলার বিরল থানাধীন ১২নং রাজারামপুর ইউনিয়নের (পূর্ববর্তী ১নং আজিমপুর ও ২নং ফরক্কাবাদ ইউনিয়নের ১৯টি মৌজার সমন্বয়ে গঠিত) মাগুড়াবান্দ এলাকায় একটি পুলিশ তদন্তকেন্দ্র স্থাপন এবং এর কার্যক্রম পরিচালনার জন্য ১৭টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে সৃজন করার নিম্নবর্ণিত শর্তে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি :

পদের বিবরণ

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতনস্কেল/২০১৫
১.	এসআই	১টি	১৬০০০-৩৮৬৪০/-
২.	এএসআই	২টি	১০২০০-২৪৬৮০/-
৩.	কনস্টেবল	১৩টি	৯০০০-২১৮০০/-
৪.	পরিচ্ছন্নতাকর্মী	১টি	(আউটসোর্সিং)
	মোট	১৭টি	

শর্তাবলী

- সাংগঠনিক কাঠামোতে প্রস্তাবিত পদগুলো অন্তর্ভুক্ত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর কপি প্রেরণ করতে হবে।
 - মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সরকারী আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে।
 - জিও জারীর তারিখ থেকে পদগুলি সৃজিত হবে।
 - এ বিষয়ে বিধিগত সকল আনুষ্ঠানিকতা পালন করতে হবে।
 - অর্থ বিভাগের ৭/৭/২০১৪ তারিখের ০৭.১৫৫.০১৯.৪৪.০৩.০৩১.২০১১-২৬১ নম্বর স্মারকের শর্তাদি প্রতিপালন করতে হবে।
 - পরিচ্ছন্নতাকর্মী ১টি পদের কাজ আউটসোর্সিং এর মাধ্যমে সম্পাদন করতে হবে।
 - বাংলাদেশ পুলিশের মোট পদের সংখ্যা (কনস্টেবল থেকে আইজিপি পর্যন্ত সিভিল পদসহ) ২,০৬,৪৮১ জন এবং আলাোচ্য ১৭টি পদ সৃজন করা হলে মোট সংখ্যা হবে ২,০৬,৪৯৮ জন।
- (২) এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭/১১/২০১৩ তারিখের ০৫.০০.০০০০.১৬১.১৫.০১৩.১৩-৪৩০, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের ০৩/০৩/২০১৪ তারিখের ০৭.১৫৫.০১৫.৪৪.০৩.০২৯.২০১১-১২৭ এবং অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ২৭/০৪/২০১৪ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৪৪.০০৫.১৩-৮৬ নং পত্রে সম্মতি রয়েছে।
- (৩) এতে নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ/অনুমোদন রয়েছে।

আপনার বিশ্বস্ত,



মোঃ কামরুল আহসান তালুকদার
সিনিয়র সহকারী সচিব

চলমান পাতা-২

পাতা/২

২৩ আশ্বিন, ১৪২৪

নং-৪৪.০০.০০০০.০৯৬.০২.০০২.১৩-১১২২

তারিখ :

০৮ অক্টোবর, ২০১৭

অবগতি ও উল্লিখিত সরকারী আদেশ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-কে পৃষ্ঠাংকন সহ জ্ঞাত করার জন্য অর্থ বিভাগের উপ-সচিব, ব্যঃ নিঃ-৫ অধিশাখা এর নিকট প্রেরণ করা হলো।



মোঃ কামরুল আহসান তালুকদার
সিনিয়র সহকারী সচিব

নং-০৭.১৫৫.০১৫.৪৪.০৩.০২৯.২০১১-

তাং-

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।

উপ-সচিব (ব্যঃ নিঃ-৫ অধিশাখা)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

২৩ আশ্বিন, ১৪২৪


নং-৪৪.০০.০০০০.০৯৬.০২.০০২.১৩-১১২২

তারিখ :

০৮ অক্টোবর, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ৬, ফিনিক্স রোড, ফুলবাড়িয়া, ঢাকা।
৩. সহকারী প্রোগ্রামার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)



মোঃ কামরুল আহসান তালুকদার
সিনিয়র সহকারী সচিব